গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নবীগঞ্জ, হবিগঞ্জ
http://doict.nabiganj.habiganj.gov.bd/

**নবীগঞ্জ উপজেলার আইসিটি কমিটির নভেম্বর/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব অনুপম দাস অনুপ
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ।
সভার স্থানঃ ZOOM প্ল্যাটফর্ম
সভার তারিখঃ ২৭ নভেম্বর , ২০২৩ খ্রিষ্টাব্দ
সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় স্মার্ট বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রচার, প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচী পেশ করার জন্য সহকারী প্রোগ্রামার (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)কে অনুরোধ করেন। অতঃপর সহকারী প্রোগ্রামার(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর) নবীগঞ্জ উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল দপ্তরের পোর্টাল হালনাগাদের সামগ্রিক চিত্র সভায় বিস্তারিত দেখানো হয়। প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে বলে সভায় সিদ্ধান্ত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান, ইউডিসি উদ্যোক্তা এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০২ | ডি-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ডি-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন। এর পাশাপাশি করোনা সংক্রমণরোধে অনলাইনে ফাইল আদানপ্রদানের ব্যাপারেও ডি-নথি এর গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়।<br>যে সকল অফিসসমূহের লাইভ আইডি রয়েছে, সেই সকল অফিস সমূহে শতভাগ দাপ্তরিক কার্যক্রম ডি-নথি ব্যবহারের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা দেওয়া হয়। বাকী অফিসসমূহের ডি-নথি আইডি খোলার ব্যাপারে তাগিদ প্রদান করা হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় (১৯) উনিশটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয় এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা দেওয়া হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | শেখ রাসেল স্কুল অফ ফিউচার | উপজেলার ০১টি প্রতিষ্ঠানে শেখ রাসেল স্কুল অফ ফিউচার রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে সরবরাহ কৃত ডিভাইসসমূহ এবং অনলাইনে ক্লাস কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার মডিউল ব্যবহারের হালনাগাদ তথ্য নিয়ে পর্যালোচনা করা হয়।<br>এসময় অ্যাপ ব্যবহারের মাধ্যমে ক্লাস কার্যক্রম পরিচালনার ব্যাপারে ইউএনও মহোদয় গুরুত্বারোপ করেন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন সংক্রান্ত প্রতারণা | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে ফোন দিয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রদান করা হবে মর্মে বিভিন্ন স্প্যাম কল প্রদান করা হচ্ছে মর্মে সভায় সহকারী প্রোগ্রামার অবহিত করেন। সরকারী ভাবে ল্যাব প্রদান করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবসাইট এবং উপজেলা আইসিটি কার্যালয়, নবীগঞ্জ এর ওয়েবসাইট চেক করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নবীগঞ্জ, হবিগঞ্জ
http://doict.nabiganj.habiganj.gov.bd/

| | | | |
|---|---|---|---|
| ০৬ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ | সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট ১৯টি প্রতিষ্ঠানের ৭৬ জন শিক্ষকের "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্র্যাবলস্যুটিং এন্ড মেইন্টেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে সহকারী প্রোগ্রামার জনাব কাজী মঈনুল হোসেন অবহিত করেন। তিনি জানান, নবীগঞ্জ উপজেলায় দিনারপুর দাখিল মাদ্রাসা ও নাদামপুর উচ্চ বিদ্যালয় এই দুটি প্রতিষ্ঠানে ০৪টি ব্যাচে মোট ৭৬ জন শিক্ষকের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে অবহিত করা হয়। প্রশিক্ষণার্থীদের সনদ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে বলে সহকারী প্রোগ্রামার বিষয়টি অবহিত করেন।<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব অনুপম দাস অনুপ মহোদয় প্রশিক্ষন কার্যক্রম এর আউটপুট সম্পর্কে বিস্তারিত তথ্য সম্পর্কে অবহিত হন এবং সকল প্রশিক্ষণার্থী যেন দ্রুত সনদ প্রাপ্ত হন সে মর্মে সহকারী প্রোগ্রামারকে পরামর্শ প্রদান করেন। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-১১-২০২৩
**(অনুপম দাস অনুপ )**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**সভাপতি**
**উপজেলা আইসিটি কমিটি**
**নবীগঞ্জ, হবিগঞ্জ**

স্মারক নং: ৫৬.০৪.৩৬৭৭.০০০.১৬.০০১.২৩.৪/১০ তারিখঃ ১২ অগ্রহায়ণ, ১৪৩০ বাংলা
২৭ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধদপ্তর,আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৬. প্রোগ্রামার(ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হবিগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ):
১. মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৩. .........................................................................................................
৪. অফিস কপি।

২৬.১০.২০২৩
**( কাজী মঈনুল হোসেন )**
**সহকারী প্রোগ্রামার**
**ও**
**সদস্য সচিব**
**উপজেলা আইসিটি কমিটি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নবীগঞ্জ, হবিগঞ্জ
http://doict.nabiganj.habiganj.gov.bd/

নবীগঞ্জ, হবিগঞ্জ

## পরিশিষ্ট – "ক"

**নবীগঞ্জ উপজেলার আইসিটি কমিটির অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | কমিটির সদস্য | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | ----- | অনুপস্থিত |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ----- | অনুপস্থিত |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৪. | সহকারী কমিশনার(ভূমি), নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৫. | অধ্যক্ষ, নবীগঞ্জ সরকারী কলেজ, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৮. | উপজেলা মৎস্য কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ----- | অনুপস্থিত |
| ৯. | অফিসার ইন চার্জ(নবীগঞ্জ থানা), নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০. | উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১১. | প্রধান শিক্ষক, ইনাতগঞ্জ উচ্চ বিদ্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১২. | অধ্যক্ষ, দিনারপুর কলেজ | ----- | অনুপস্থিত |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ | ----- | অনুপস্থিত |
| ১৬. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৭. | ওয়ারম্যান, নবীগঞ্জ ডিজিটাল এক্সচেঞ্জ, নবীগঞ্জ, হবিগঞ্জ | ----- | অনুপস্থিত |
| ১৮. | পরিচালক,আর আর টেল ওয়াইফাই, নবীগঞ্জ, হবিগঞ্জ | ----- | অনুপস্থিত |
| ১৯. | উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, আউশকান্দি | স্বাক্ষরিত | উপস্থিত |
| ২০. | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নবীগঞ্জ, হবিগঞ্জ | স্বাক্ষরিত | উপস্থিত |